[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বোরহান আহমেদ চুন্নু।

এ সময় উপস্থিত ছিলেন, ৮ নং ইউপি সদস্য মো: আবুল কাশেম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিকুল খান্দার, শাহাদুল হক কানাই, নাজিম, লিটন, সবুজ, আইডিয়াল স্কুলের শিক্ষক শহিদুল ইসলাম সাগর সহ স্থানীয় সাধারণ জনগণ।

ঘাস কাটার মেশিন দুটি সংরক্ষণ করবে আমঝুপি ইউনিয়ন পরিষদ।

গাংনী হাসপাতালে করোনা প্রতিরোধে জীবানু নাশক ডিজইনফেক্টেড বক্স স্থাপন

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জীবানুনাশক ডিজইনফেক্টেড ইলেক্ট্রিক বক্স স্থাপন করা হয়েছে। রবিবার বিকেলে স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান ফটকের সামনে ডিজইনফেক্টেড বক্স এর আনুষ্ঠানিক উ্দ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

এডিপি প্রকল্পের অর্থায়নে এর নির্মাণ ও স্থাপন ব্যায় ধরা হয় ১ লাখ ৫ হাজার টাকা। গাংনী উপজেলা পঃপঃ কর্মকর্তা এম রিয়াজুল আলমের সভাপতিত্বে এসময় বিশেষ অথিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিশ শাহনেওয়াজ।

এসময় উপজেলা প্রকৌশলী মোহাম্মদ গোলাপ আলী শেখ,স্বাস্থ কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার সাদিয়া সুলতানা সহ অন্যান্য চিকিৎসকবৃন্দরা উপস্থিত ছিলেন।

ইলেক্ট্রিক্যাল এই জীবানুনাশক বক্স স্থাপনে গাংনীতে করোনা প্রতিরোধে যথেষ্ট সহায়ক হবে বলে জানান সংশ্লিষ্টরা। এর মধ্যে বাষ্প তৈরীর মাধ্যমে একটি তাপমাত্র তৈরী করবে যার ফারেন হাইট তাপমাত্রা হবে ৬০ ডিগ্◌্রী সেলসিয়াস।

প্রধান অতিথি এমএখালেক বলেন, শুধু মাত্র হাসপাতালে নয়,করোনা

প্রতিরোধে মানুষকে জীবানু মুক্ত করনের জন্য এই ডিজ ইনফেক্টেড বক্স জনবহুল জায়গাসহ প্রতিটি ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকগুলিতে জীবানুনাশক যন্ত্র স্থাপন করা হবে। মেহেরপুর জেলায় এই প্রথম এই জীবানুনাশক যন্ত্র গাংনীতে স্থাপন করা হলো।

মেহেরপুরে দারুচিনি ফুডের যাত্রা শুরু

মেহেরপুরে আনুষ্ঠানিকভাবে দারুচিনি ফুড যাত্রা শুরু করলো। শনিবার বিকালে ভার্চুয়াল কনফারেন্সে শুভ উদ্বোধন ঘোষনা করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন পত্নী যুব মহিলালীগ নেত্রী হোসাইন মোনালিসা।

উদ্বোধনকালে উপস্থিত ছিলেন, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড.ইব্রাহীম শাহীন, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু, সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, সাংবাদিক তুহিন আরন্য, রুহুল কুদ্দুস টিটু, সাংস্কৃতিক ব্যক্তি নিশান সাবের, প্রমুখ।



শহরের শহীদ ড.সামসুজ্জোহা পার্কের সামনে অবস্থিত সত্ত্বাধিকারী মানিক হোসেন বলেন, তরুন প্রজন্মের জন্য আধুনিকতার ছোয়ায় দারুচিনি ফুড এর যাত্রা শুরু হলো। বর্তমান চাহিদার কথা বিবেচনায় রেখে ৫০ উর্ধে খাবারের তালিকায় থাকছে সুস্বাদু মুখরোচক সব আইটেম। আশা করি কাস্টমারদের চাহিদা পুরন করে এগিয়ে যাবে আমাদের দারুচিনি ফুড।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে পৌর আওয়ামী লীগের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে পৌর আওয়ামী লীগের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

এসময় পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, সরকারি কেসি কলেজ ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় প্রতিষ্ঠান প্রাঙ্গণে ২০ টি গাছের চারা রোপন করা হয়। পর্যায়ক্রমে পৌর এলাকাসহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কয়েক হাজার গাছের চারা রোপন করা হবে বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে বিট পুলিশিং কার্যক্রম শুরু

“মুজিববর্ষের অঙ্গিকার পুলিশ হবে জনতার” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহে বিট পুলিশ কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে শহরের ব্যপারী পাড়ায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছে

তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এসময় পুলিশ বিভাগের কর্মকর্তা, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান জানান, জেলার ৬টি উপজেলায় মোট ৮৫টি বিট পুলিশিং কার্যালয় খোলা হবে। পুলিশী সেবা মানুষের দোড় গড়াই পৌঁছে দেবার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। প্রতিটি বিট পুলিশিং অফিসে একজন এস আই, একজন এএসআই ও তিনজন করে কনস্টেবল খাকবে।

তারা মানুষের কাছ থেকে অভিযোগ গ্রহন করবে। তারপর আইনী ব্যবস্থা নেওয়া হবে। মানুষ দ্রুত পুলিশী সেবা পাবে বলে তিনি আরো জানান।

করোনা চিকিৎসা তদারকিতে টাস্কফোর্স গঠন

করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এ সংক্রান্ত চিকিৎসা কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তদারকি করার জন্য একটি টাস্কফোর্স গঠন করেছে সরকার। আজ স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগ থেকে এই টাস্কফোর্স গঠন করে আদেশ জারি করা হয়েছে।

স্বাস্থ্যসেবা বিভাগের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য) মো. মোস্তফা কামালকে ৯ সদস্যের টাস্কফোর্সের আহ্বায়ক করা হয়েছে। আদেশে বলা হয়, কোভিড-১৯ প্রতিরোধ ও আক্রান্ত রোগীদের সরকারি-বেসরকারি হাসপাতালে চিকিৎসাসেবা নিশ্চিতকরণে স্বাস্থ্যসেবা বিভাগ থেকে এ পর্যন্ত জারি করা পরিপত্র, প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও যেসব কমিটি গঠন করা হয়েছে তাদের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তদারকি করার জন্য একটি টাস্কফোর্স কমিটি গঠন করা হয়েছে।

কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন স্বাস্থ্যসেবা বিভাগের যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব

(প্রশাসন), অর্থ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন), জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (রোগ নিয়ন্ত্রণ শাখা) ও আইডিসিআরের পরিচালক।

স্বাস্থ্যসেবা বিভাগের উপসচিব (জনস্বাস্থ্য-১) টাক্সফোর্স কমিটিতে সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন বলে আদেশে বলা হয়েছে। এই টাস্কফোর্সের কর্মপরিধির বিষয়েও সুস্পষ্ট দিকনির্দেশনা দেয়া হয়েছে।

বলা হয়েছে, টাস্কফোর্সকে স্বাস্থ্যসেবা বিভাগ থেকে জারি করা পরিপত্র, প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও যেসব কমিটি গঠন করা হয়েছে তাদের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি তদারকি করবে। টাস্কফোর্স তাৎক্ষণিকভাবে কোভিড-১৯ সংক্রান্ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত অভিযোগ ও তথ্য পর্যালোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম নেবে।

এছাড়া বিভিন্ন কমিটির গৃহীত সিদ্ধান্তের সমন্বয় করা, যেসব হাসপাতাল ও ল্যাবে কোভিড-১৯ পরীক্ষা করা হয় তাদের লাইসেন্সের যথার্থতা পরীক্ষা করা, কোভিড-১৯ এর পরীক্ষার জন্য সরকার নির্ধারিত ফি যথাযথভাবে আদায় করা হচ্ছে কিনা তা মনিটর করা, যেসব হাসপাতালে কোভিড-১৯ পরীক্ষা করা হয় সেখানে পর্যাপ্ত জনবল ও পরীক্ষার যথাযথ ফ্যাসিলিটিজ আছে কিনা তা যাচাই করবে টাস্কফোর্স।

এই টাস্কফোর্স কমিটি ৫০ শয্যার বেশি হাসপাতালগুলোতে কাজ করবে। আর টাস্কফোর্স কমপক্ষে প্রতি দুই মাসে একবার সভা করবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

৪ মামলায় ফের ২৮ দিনের রিমান্ডে সাহেদ

রিজেন্ট গ্রুপ ও রিজেন্ট হাসপাতাল লিমিটেডের চেয়ারম্যান সাহেদ

করিম ওরফে মো. সাহেদকে চারটি পৃথক মামলায় আরও ২৮ দিনের রিমান্ড দেওয়া হয়েছে। টানা ১০ দিনের রিমান্ড শেষে আজ রবিবার সকালে ঢাকা চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে নেওয়া হয় সাহেদকে। আদালতে সাহেদের আরও ৪০ দিনের রিমান্ড চেয়েছিল পুলিশ।

করোনা রোগীদের চিকিৎসার নামে প্রতারণাসহ বিভিন্ন অভিযোগে ৬ জুলাই রাতে রিজেন্ট হাসপাতালের উত্তরা ও মিরপুর কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে র্যাব। এতে করোনার সনদ দিয়ে সাধারণ মানুষের সঙ্গে প্রতারণা ও অর্থ হাতিয়ে নেওয়ার প্রমাণ মেলে। অন্তত ছয় হাজার ভুয়া করোনা পরীক্ষার সনদ পাওয়ার প্রমাণ পাওয়া যায় অভিযানে।

পরদিন মঙ্গলবার রিজেন্ট হাসপাতালের বিরুদ্ধে মামলা করে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। মামলায় প্রতিষ্ঠানটির চেয়ারম্যান মো. সাহেদসহ ১৭ জনকে আসামি করা হয়। ওই মামলায় গত ১৫ জুলাই সকালে সাতক্ষীরা থেকে বোরকা পরা অবস্থায় সাহেদকে গ্রেফতার করে র্যাব।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনী পৌরসভার উদ্যোগে ভিজিএফ এর চাল বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে ঈদুল আযহা উপলক্ষে ভিজিএফ এর চাল বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকাল ৯ টার দিকে পৌরসভা কার্যালয়ে ভিজিএফ এর এ চাল বিতরণ করা হয়।

পৌর মেয়র আশরাফুল ইসলামের সভাপতিত্বে ট্যাগ অফিসার উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত ভিজিএফ এর আওতায় পৌরসভার সব কয়টি ওয়ার্ডের মোট ৩ হাজার ৮১ জনের মধ্যে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

এ সময় প্রত্যেকটি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা আসনের মহিলা কাউন্সিলরগন উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদে ভাতার কার্ড বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ২০২০-২১ অর্ধবছরে নতুন করে তালিকা তৈরি করা সকল বয়স্ক ও বিধবা ভাতার কার্ড বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্বরে এ সকল ভাতার কার্ড বিতরন করা হয়।কার্ড বিতরন অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

কার্ড বিতরণ অনুষ্ঠানে ইউপি সদস্য সংকর বিশ্বাস, কাজী কোমর উদ্দীন সেলিম, আনোয়ারুল ইসলাম, এম এ খালেক, মহিলা মেম্বার নারগীস খাতুন ও শাহিনুর খাতুন উপস্থিত ছিলেন।

এ সময় ৫৫ জনকে বিধবা ও ৮৬ জনকে বয়স্ক ভাতার কার্ড দেওয়া হয়।